

“M” গ্রুপে ভর্তির আবেদনকারীদের জন্য বিজ্ঞপ্তি

এই বছর “M” গ্রুপে ভর্তির মেধা তালিকা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষা প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুত করা হবে। প্রার্থীদের পূরণ করা ভর্তির ফর্ম নিরীক্ষণের সময় এমন কিছু ফর্ম পাওয়া গেছে যাদের মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরের স্থান খালি রাখা আছে বা সঠিকভাবে পূরণ করা নেই।

প্রার্থীদের দেওয়া নাম, বাবার নাম, মোবাইল নম্বর, জন্ম তারিখ প্রাপ্ত নম্বর ইত্যাদি পুনরায় দেখার জন্য একটি লিঙ্ক দেওয়া হল। প্রার্থীরা এই লিঙ্কে নিজের ফর্ম নম্বর উল্লেখ করে এই সকল তথ্য যাচাই করতে পারবেন।

যদি কোনো প্রার্থীর দেওয়া তথ্য সংশোধনের প্রয়োজন হয় তবে তিনি যে আই.টি.আই-তে ফর্ম জমা দিয়েছেন বা নিজের সুবিধামতো যেকোনো সরকারি আই.টি.আই-তে একটি লিখিত আবেদন এবং সংশ্লিষ্ট মূল নথি এবং তার স্ব-প্রত্যয়িত কপি সহ ১১/০৭/২০১৮ থেকে ১৬/০৭/২০১৮ তারিখ যেকোনো কাজের দিন বেলা ১১টা থেকে ৪টার মধ্যে দেখা করতে পারেন।

প্রার্থীরা তাদের সচল মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ বা সংশোধন করবেন।

অনলাইন রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর দেওয়া মোবাইল নম্বরে একটি OTP যাবে, যাটি ছাড়া প্রার্থী অনলাইন কাউন্সিলিং এ অংশগ্রহণ করতে পারবে না।

এই লিঙ্কটি ১১/০৭/২০১৮ থেকে ১৬/০৭/২০১৮ তারিখ বেলা ৪টা পর্যন্ত খোলা থাকবে। এই তারিখের পর তথ্য সংশোধনের কোনো রকম আবেদন গ্রহণ করা হবে না। আসন নির্ধারন পরবর্তীকালে এবং ভর্তির আগে শংশাপ্ত নিরীক্ষার সময় কোনো রকম বিচ্যুতি ধরা পড়লে ভর্তির আবেদন বাতিল বলে গণ্য হবে।
আবেদনপত্রের একটি নমুনা নিচে দেওয়া হল।